

২০২১

## বাংলা - সাম্মানিক

অষ্টম পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো।
- (ক) কালিদাস রচিত নাটকগুলির নাম উল্লেখ করে যে-কোনো একটি নাটক অবলম্বনে নাট্যকার হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ৩+১২
- (খ) বাণভট্টের 'কাদম্বরী' অবলম্বনে তাঁর প্রতিভার মূল্যায়ন করো। ১৫
- (গ) 'গীতগোবিন্দম্' কাব্যের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে এই কাব্য রচনায় জয়দেবের কৃতিত্বের পরিচয় দাও। ৫+১০
- ২। যে-কোনো দু-টি বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫+৫
- (ক) মেঘদূত
- (খ) কুমারসম্ভব
- (গ) ঋতুসংহার
- (ঘ) মৃচ্ছকটিক
- (ঙ) মহাবীরচরিত।
- ৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো।
- (ক) শেক্সপিয়ার রচিত ট্রাজেডিগুলির নাম উল্লেখ করো। তাঁর যে-কোনো একটি ট্রাজেডি অবলম্বনে ট্রাজেডি রচয়িতা হিসাবে তাঁর প্রতিভার মূল্যায়ন করো। ৩+১২
- (খ) রোমান্টিক যুগের কবি 'কীটস্'-এর কাব্যপ্রতিভার মূল্যায়ন করো। ১৫
- (গ) চার্লস ডিকেন্স রচিত দুটি উপন্যাস অবলম্বনে ঔপন্যাসিক হিসাবে তাঁর কৃতিত্ব বিচার করো। ১৫
- ৪। যে-কোনো দু-টি বিষয় সম্পর্কে আলোচনা করো। ৫+৫
- (ক) রোমিও অ্যান্ড জুলিয়েট

Please Turn Over

- (খ) প্যারাডাইস রিগেইনড  
 (গ) ম্যান অ্যান্ড সুপারম্যান  
 (ঘ) আইভ্যান হো  
 (ঙ) লিরিক্যাল ব্যালাডস্।

৫। যে-কোনো একটি প্রশ্নের উত্তর লেখো।

- (ক) প্রেমচন্দ্রের ছোটগল্পগুলি অবলম্বনে গল্পকার হিসাবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও। ১৪  
 (খ) হিন্দি সাহিত্যে ‘ছায়াবাদ’ বলতে কী বোঝায়? ছায়াবাদী কবি হিসাবে সূর্যকান্ত ত্রিপাঠী নিরালার কৃতিত্ব বিচার করে। ৪+১০  
 (গ) হিন্দি উপন্যাস সাহিত্যে ফণীশ্বরনাথ রেণুর অবদান সম্পর্কে আলোচনা করে। ১৪

৬। যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো। ৪

- (ক) গোদান  
 (খ) দীপশিখা  
 (গ) দুর্লভ বন্ধু।

৭। (ক) “কাব্যের আত্মা বাচ্য নয়, ব্যঞ্জনা — কথা নয়, ধ্বনি, রসধ্বনি” — আলোচনা করো। ১৬

অথবা,

- (খ) সংক্ষিপ্ত আলোচনা করো (যে-কোনো দু-টি)। ৮+৮  
 (অ) রীতিরাত্মা কাব্যস্য  
 (আ) রস ও কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ  
 (ই) নবরস।

৮। (ক) “যেমনটি ঠিক তেমনি লিপিবদ্ধ করা সাহিত্য নহে” — রবীন্দ্রনাথের ‘সাহিত্যের বিচারক’ প্রবন্ধ অনুসরণে মন্তব্যটি বিশ্লেষণ করে। ১৬

অথবা,

- (খ) যে-কোনো দু-টি উদ্ধৃতি সংক্ষেপে আলোচনা করো। ৮+৮  
 (অ) “সাহিত্য ব্যক্তিবিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।”  
 (আ) “চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ।”  
 (ই) “সৌন্দর্য সৃষ্টি করাও অসংযত কল্পনাবৃত্তির কর্ম নহে।”